# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৭৩

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১৫. যে কোন ব্যক্তি শয্যা গ্রহণকালে যে দোয়া পড়বে

بَاب مَا يَدْعُو بِهِ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ الْمُخْتَارِ، حَدَّثَنَا سُهَيْلٌ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ أَنَّهُ كَانَ يَقُولُ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ " اللَّهُمَّ رَبَّ السَّمَوَاتِ وَرَبَّ الأَرْضِ وَرَبَّ كُلِّ شَىْءٍ فَالِقَ الْحَبِّ وَالنَّوَى مُنْزِلَ التَّوْرَاةِ وَالإِنْجِيلِ وَالْقُرْآنِ الْعَظِيمِ أَعُوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ دَابَّةٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهَا أَنْتَ الأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَىْءٌ وَأَنْتَ الآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَىْءٌ وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَىْءٌ وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَىْءٌ اقْضِ عَنِّي الدَّيْنَ وَأَغْنِنِي مِنَ الْفَقْرِ " .

বাংলা

১/৩৮৭৩। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন শয্যা গ্রহণ করতেন তখন বলতেনঃ ’’হে আল্লাহ! আকাশমন্ডলী ও পৃথিবীর প্রভু, প্রতিটি জিনিসের প্রভু, শস্যবীজ ও আঁটির অংকুর উদগমকারী, তাওরাত, ইনজীল ও মহান কুরআন নাযিলকারী! আমি প্রত্যেক প্রাণীর অনিষ্ট থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করি। এগুলো তোমার আয়ত্তাধীন। তুমিই আদি, তোমার পূর্বে কিছুই নাই। তুমিই গুপ্ত, তোমার থেকে কিছুই গোপন নয়। সুতরাং তুমি আমার ঋণ পরিশোধের ব্যবস্থা করে দাও এবং আমাকে দারিদ্র থেকে স্বাবলম্বী করো ’’।

## English

It was narrated from Abu Hurairah that :
when going to bed, the Prophet (saas) used to say: "Allahumma Rabbas-samawati wa Rabbal-ardi, wa Rabba kulli shay'in, faliqal-habbi wan-nawa, munzilat-Tawrati wal-Injili wal-Qur'anil-'Azim. A'udhu bika min sharri kulli

dabbatin Anta akhidhun binasiyatiha, Antal-Awwalu fa laysa qablaka shayun, wa Antal-Akhiru, fa laysa ba'daka shayun', Antaz-zahiru, fa laysa fawqaka shayun', wa antal-batinu fa laysa dunaka shay', aqdi 'annid-dayna waghnini minal-faqr (O Allah, Lord of the heavens and Lord of the earth and Lord of all things, Cleaver of the seed and the kernel, Revealer of the Tawrah, the Injil and the Magnificent Qur'an, I seek refuge with You from the evil of every creature You seize by the forelock. You are the First and there is nothing before You; You are the Last and there is nothing after You; You are the Most High (Az-Zahir) and there is nothing above You, and You are the Most Near (Al-Batin) and there is nothing nearer than You. Settle my debt for me and spare me from poverty)."

## ফুটনোট

মুসলিম ২৭১৩, তিরমিযী ৩৪০০, আবূ দাউদ ৫০৫১, আহমাদ ৮৭৩৭, তাখরীজুল কালিমুত তায়্যিব ৪০। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সুহায়ল বিন আবু সালিহ সম্পর্কে মুহাম্মাদ বিন সাঈদ বলেন, তিনি সিকাহ। সুফইয়ান বিন উয়াইনাহ বলেন, সাবত। আহমাদ বিন হাম্বল বলেন, তার বর্ণিত হাদিস সহিহ নয়। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তার খবর মাকবুল বা গ্রহণযোগ্য। ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে অন্যত্র বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৬২৯, ১২/২২৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44838

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন